

R-13

641/Beng.

UG/6th Sem/BENG-H-DSE-T-3/23

২০২৩

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্ক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-3

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) 'দাঁড়াও, এই বুড়াকে ভাসাইয়া পাতালে লইয়া যাইব'—কার
এই সংকল্প ? তার ফল কী হয়েছিল ?
- খ) 'আপনার সৃষ্টি কোনো বস্তু বা জীব আমাকে বধ করিতে পারিবে
না, এই বর আমাকে দিন'—কার কাছে কে এই বর প্রার্থনা
করেছিল ? তার কোন্ তপস্যার বলে সে এমন বর লাভের
অধিকারী হয়ে উঠেছিল ?
- গ) 'বড়রাণীরা ছোটরাণীর মুখের কাছে রঙ-ভঙ্গী করিয়া হাত
নাড়িয়া, নথ নাড়িয়া বলিয়া উঠিল, --' — কার লেখা কোন্
গল্পের অংশ ? কী বলেছিল বড়রাণীরা ?

(পরের পাতায়)

- ঘ) ‘খোকসে যদি নাম জিজ্ঞাসা করে তো, আমার নাম আগে বলিও, তোমার নাম যেন আগে বলিও না।’ — কে কাকে বলেছিল এ কথা? তার নাম আগে বলতে বলার কারণ কী?
- ঙ) ‘ঠাকুরদার পদিপিসি অস্তুত রাঁধতে পারতেন’ — তার অস্তুত রাঁধার সামান্য পরিচয় দাও।
- চ) সুকুমার রায়ের ‘আবোল তাবোল’ সংকলনটি কবে প্রকাশিত হয়েছিল? পাঠ্য ছড়াগুলি বাদ দিয়ে আর দুটি ছড়ার নাম লেখো।
- ছ) ‘একশো বছর পরে পদিপিসির বর্মিবাস্তু আমি আবিষ্কার করব। জানিস, তাতে এক-একটা...’ — তাতে কী ছিল বলে পাঁচ মামার অনুমান?
- জ) ‘বক কহে কচ্ছপে বাহবা কি ফুর্তি! ...’ পরের পঞ্জক্ষণি লেখো।
- ঝ) ‘রক্তমুখী নীলা’ গল্লে কার নীলা হারিয়েছিল? হারিয়ে যাওয়া নীলা ফিরে পেতে তিনি কী পুরস্কার ঘোষণা করেছিলেন?
- ঞ) ‘আমার পিছনেই একটা চেয়ার ছিল; আমি সেটায় ধপ করে বসে পড়লাম। এ যে আমাদের অতি পরিচিত সব পাখির ল্যাটিন নামগুলো বলছে’ — কে বলছে পাখিদের নাম? কোন্ কোন্ পাখির ল্যাটিন নাম সে বলেছে?
- ট) ‘নো স্যার। আমার পাড়ায় এক ভদ্রলোক এয়েছেন, কাল পার্কে দেখা হল। এক বেঞ্চিতে বসে কথা বললুম প্রায় আধঘণ্টা। গ্রেট স্কলার।’ — ভদ্রলোকটির নাম কী? কোন্ ইউনিভার্সিটির স্কলার তিনি?
- ঠ) ‘আমাদের যা কিছু শিক্ষা দীক্ষা ওই শার্লক হোমসের কাছে’ — কে কাকে বলেছে এই কথা? শার্লক হোমসের সঙ্গী ও স্বষ্টার নাম কী?

- ড) ‘দোহাই বাবা, আমি ইন্দ্র নহি। আমি মুনি, ব্রাহ্মণ, অতি নিয়ীহ
দীন হীন মানুষ! আমার উপরে তোমাদের এত ক্রেত্ব কেন?’
— মুনির নাম কী? তাকে ইন্দ্র বলে ভ্রম হওয়ার কারণ কী?
- ঢ) ‘তাঁর নামটাও এই সূত্রে একটু বিকৃত হয়ে ‘ব্যয় কুঠ’ আকার
ধারণ করেছিল। শহরসুন্দর বাঙালী তাঁকে ব্যয়-কুঠ জঙ্গী বলেই
উল্লেখ করত।’ — কার কথা বলা হয়েছে? কোন্ সূত্রে তার
নামের এই বিকৃতি?
- ণ) ‘তিনি বোধহয় বাকি কথাটার ঘানে বুঝে ফেলে মেলোকৰ্ড নামক
চাবিওয়ালা যন্ত্রটা নিতে এসেছিলেন, তাই না?’ — ‘সমাদারের
চাবি’ গল্পের এই ‘তিনি’ কে? মেলোকৰ্ড নামক যন্ত্রটি কী ধরনের
যন্ত্র?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 8 = 40$

- ক) ‘রাজা তার কোমরে, ছোট রাণীর কোমরে এক সোনার শিকল
বাঁধিয়া দিয়া...’ — শিকল বাঁধার কারণ কী? রাজার উদ্দেশ্য
এই ব্যবস্থায় পূরণ হয়েছিল কি না তা নিজের ভাষায় লেখো।
- খ) ‘সুকুমার রায়ের কবিতাণ্ডলি সবসময় শুধু আজগুবি ও উদ্গৃত
নয়, কখনো কখনো ব্যাঙ্গত্বক ও সমালোচনামূলকও’ — পঠিত
কোনো কবিতার আলোকে মন্তব্যটি বিচার করো।
- গ) ‘...রূপকথার সেই বিশেষ ভাষা, বিশেষ রীতি, তাহার সেই
প্রাচীন সরলতাটুকু তিনি যে এতটা দূর রক্ষা করিতে পারিয়াছেন,
...’ — যে কোনো একটি গল্প অবলম্বনে শ্রীদক্ষিণারঞ্জন মিত্র
মজুমদার সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্যের যথার্থতা বিচার
করো।
- ঘ) ভৌতিক বিশ্বাসকে কাজে লাগিয়ে কীভাবে ‘ব্যোমকেশ ও বরদা’
গল্পের রহস্যকে ঘনিয়ে তোলা হয়েছে তা সংক্ষেপে লেখো।

Abraham, John Kenny
1940, 11/11/11

- ৬) 'ফেন্নুদা বলছিল এই ডক্টর ম্যাটিসের মতে মানুষের জীবনে
সংখ্যা বা নম্বর জিনিসটা নাকি আশচর্য প্রভাব দিস্তার করো?'—
আমেরিকার দুই প্রেসিডেন্টের জীবনে সংখ্যাতত্ত্ব কীভাবে
কাজ করেছিল 'সমাদারের চাবি' গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।
- ৭) 'মামা-বাড়ির স্টেশনে পৌঁছলাম গভীর রাতে'—স্টেশন থেকে
পাঁচমাঘার সঙ্গে কথক কীভাবে তার গন্তব্যে পৌঁছাল তা বিবৃত
করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) 'কে কী কারণে স্বর্গ থেকে মর্ত্যে গঙ্গাকে এনেছিলেন? এই দুর্লভ
কাজ তিনি কীভাবে সম্পন্ন করেছিলেন তা সবিস্তারে দেখো।'
- খ) 'শুধু আখ্যান রসে নয়, পদিপিসির বর্ণিবাঙ্গ পাঠকদের হৃদয়
হরণ করে তার অসাধারণ কৌতুকপূর্ণ বর্ণনাভঙ্গিতেও'—
মন্তব্যটির যথার্থতা বিচার করো।
- গ) 'আমায় সবাই বললে যে গিরিডির শঙ্কু ডাক্তারের কাছে যাও—
তিনি দয়ালু লোক বিনি পয়সায় তোমার ছেলেকে ভাল করে
দেবেন'—কী হয়েছিল ছেলেটির? সে কীভাবে ভাল হয়ে উঠল
তা সংক্ষেপে বিবৃত করো।
- ঘ) 'ভেবে দেখুন, আমি যদি কোকেনের ব্যবসা করি আর আপনি
যদি দৈবাং সে কথা জানতে পেরে যান, তাহলে আপনাকে
বাঁচতে দেওয়া আমার পক্ষে আর নিরাপদ হবে কি?'—
অনুকূলবাবুর এই উক্তিই 'সত্যামৈবী'-র আখ্যানের পূর্ব
সংকেত-আলোচনা করো।

JOHN WIKES